


নিলাম বিজ্ঞপ্তি

নিলাম কেস নম্বর: ০৩/২০২৪-২৫

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মান্দা উপজেলাধীন জোতবাজার হাটের ০১ (এক) টি পাইকড় গাছ আগামী ০৪/০২/২০২৫ খ্রি. তারিখ বেলা ১২:০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিলাম ডাক অনুষ্ঠিত হবে। আগ্রহী/ইচ্ছুক ডাককারীগণকে উক্ত তারিখে যথাসময়ে ডাকে অংশ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

ডাকের শর্তাবলী:

০১. আগ্রহী/ইচ্ছুক ডাককারীগণকে উক্ত ডাকের পূর্বে গাছটি সরেজমিন দেখে নিতে হবে।
০২. ডাক শেষে ডাকের সমুদয় অর্থ জমা দিতে হবে।
০৩. ডাককৃত মূল্যের উপর ১০% আয়কর ও ১৫% মূল্য সংযোজন কর জমা দিতে হবে।
০৪. প্রত্যেক ডাককারীকে জামানত হিসেবে ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা সহকারী কমিশনার (ভূমি), মান্দা, নওগাঁর অনুকূলে বিডি/নগদ অর্থ জমা দিয়ে ০৪/০২/২০২৫ খ্রি: তারিখ বেলা ১১:০০ টার মধ্যে বিডসীটে নাম অন্তর্ভুক্ত করতে হবে।
০৫. ডাকগ্রহণ/বর্জন কর্তৃপক্ষের এখতিয়ারভুক্ত।
০৬. চূড়ান্ত অনুমোদনের পর ডাককৃত গাছ জানমালের ক্ষতি সাধন না করে নিজ দায়িত্বে অপসারণ করতে হবে।


শারমিন জাহান লুনা
সহকারী কমিশনার(ভূমি)
মান্দা, নওগাঁ